



স্মারক নং- ২৬.০৬.০০০০.০১০.০৮.০০৩.১৪/৪৮

তারিখ: ২০ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: দেনাদার কোম্পানির পরিচালকের পদত্যাগ বা শেয়ার হস্তান্তর দলিলাদি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অনাপত্তি গ্রহণপূর্বক যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে দাখিল প্রসঙ্গে।

এতদ্বারা যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরে নিবন্ধিত কোম্পানি সমূহের পরিচালক, শেয়ার হোল্ডার ও কোম্পানির সাথে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, দেনাদার কোম্পানির পরিচালকের পদত্যাগ এবং শেয়ার হস্তান্তর এর বিষয়ে ব্যাংক কোম্পানি আইনের ২৭(ক) ধারায় নিয়ন্ত্রণ শর্ত বিদ্যমান রয়েছে।

ধারা -২৭(ক) দেনাদার কোম্পানির পরিচালকের উপর বিধি-নিষেধ। - "আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, খণ্ডাতা ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের [খণ্ড বা বিনিয়োগ অনুমোদনকারী কর্তৃপক্ষের একক উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন] ব্যতীত কোন দেনাদার কোম্পানীর কোন পরিচালকের পদত্যাগ কার্যকর হইবে না এবং কোন পরিচালক তাহার শেয়ার হস্তান্তর বা বিক্রয় করিতে পারিবেন না।"

উক্ত আইন অনুযায়ী নিবন্ধিত কোম্পানীর কোন পরিচালকের শেয়ার হস্তান্তর ও পরিচালকের পদত্যাগ এর ক্ষেত্রে খণ্ডাতা ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পূর্বানুমতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু বহু নিবন্ধিত কোম্পানি পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে পরিচালকের পদত্যাগ ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত সংশ্লিষ্ট দলিলাদি এ পরিদপ্তরে দাখিল করছে। অনেক ক্ষেত্রেই পরবর্তীতে ব্যাংক/খণ্ডাতা প্রতিষ্ঠান হতে অনাপত্তিপ্রাপ্ত প্রদানে ব্যর্থ হচ্ছে। ফলে আইনগত জটিলতার কারণে এসকল রিটার্নাদি আরজেএসসি'তে রেকর্ডডুক্ট করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, ব্যাংক কোম্পানি আইনের ২৭(ক) ধারা অনুযায়ী দেনাদার কোম্পানির পরিচালকের পদত্যাগ ও শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে খণ্ডাতা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে পরিচালকের শেয়ার হস্তান্তর ও পদত্যাগপত্র গ্রহণ সংক্রান্ত কার্যক্রম সম্পর্করতঃ সংশ্লিষ্ট রিটার্নাদি যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(শ্রেষ্ঠশৈয়েবুল আলম এনডিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৮১৮৯৪০৩

বিতরণঃ সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:- (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ✓ ১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিড়া), ই-৬/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
- ৫. উপ-নিবন্ধক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম।
- ৬. সহকারী রেজিস্ট্রার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/ খুলনা/রাজশাহী।
- ৭. সহকারী প্রোগ্রামার, আরজেএসসি, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৮. একাডেমিক অব একাউন্টস/ইলেক্ট্রনিক স্কুল (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।